

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নং- ১০.০০.০০০০.১২৫.১১.০০১.১৯.২৩৪

তারিখঃ ১৬ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ।
৩০ মে ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ ১২তম বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পরীক্ষা, ২০১৮ এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত সহকারী জজগণের প্রশিক্ষণ প্রসঙ্গে।

সূত্রঃ (১) নং ১০.০০.০০০০.১২৫.১১.০০১.১৯.৫১, তারিখঃ ১৯/০১/২০২০ খ্রিঃ, বিচার শাখা-১, আইন ও বিচার বিভাগ।
(২) নং ১০.০০.০০০০.১২৫.১১.০০১.১৯.১৭৪, তারিখঃ ০২/০৩/২০২০ খ্রিঃ, বিচার শাখা-১, আইন ও বিচার বিভাগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ১২তম বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পরীক্ষা, ২০১৮ এর মাধ্যমে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের সুপারিশের আলোকে মনোনীত ১০০ (একশত) জন প্রার্থীকে সূত্রোক্ত ১ ও ২ নং স্মারক প্রজ্ঞাপনমূলে সহকারী জজ পদে নিয়োগ করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে তাঁদেরকে বিভিন্ন জেলায় শিক্ষানবিশ সহকারী জজ হিসেবে পদায়ন করা হয়। একইসাথে উক্তরূপে নিয়োগপ্রাপ্ত শিক্ষানবিশ সহকারী জজগণকে তাঁদের নিয়োগপত্রের অনুচ্ছেদ ২(ক) বর্ণিত শর্ত অনুযায়ী যোগদানের তারিখ হতে ০৩ (তিন) মাস সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজের তত্ত্বাবধানে জেলার বিভিন্ন পর্যায়ের আদালতে সংযুক্ত থেকে আদালতের কার্যাবলি পরিচালনা, অফিস ব্যবস্থাপনা এবং সরকারি আইনি সহায়তা কার্যক্রম বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

২। কিন্তু করোনা ভাইরাস (কোভিড ১৯) এর সংক্রমণ মোকাবেলা ও এর ব্যাপক বিস্তার প্রতিরোধকল্পে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে সরকার ঘোষিত সাধারণ ছুটির ধারাবাহিকতায় বাংলাদেশ সুপ্রীম কোর্ট অধস্তন আদালতসমূহে সাধারণ ছুটি ঘোষণা করায় গত ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখ হতে আদালতের নিয়মিত কার্যক্রম বন্ধ রয়েছে। ফলে নিয়োগপ্রাপ্ত শিক্ষানবিশ সহকারী জজগণ তাঁদের উক্ত প্রশিক্ষণ সম্পন্ন করতে সমর্থ হননি।

৩। এমতাবস্থায়, সাধারণ ছুটি শেষে আদালতের নিয়মিত কার্যক্রম পুনরায় শুরু হবার পর বর্ণিত সাধারণ ছুটির কারণে শিক্ষানবিশ সহকারী জজগণ যে সকল দিনের প্রশিক্ষণ গ্রহণ করতে সমর্থ হননি তাঁদেরকে নিয়োগপত্রের শর্তানুযায়ী উল্লিখিত দিনসমূহের অবশিষ্ট প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

জেলা ও দায়রা জজ
.....(সকল)।

স্বাঃ/-
(শেখ গোলাম মাহবুব)
উপসচিব (প্রশাসন-১)
ফোনঃ ৯৫৪০৮৮৬।

নং-১০.০০.০০০০.১২৫.১১.০০১.১৯.২৩৪/১(৭)

তারিখঃ ১৬ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ।
৩০ মে ২০২০ খ্রিস্টাব্দ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ০১। রেজিস্টার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,
- ০৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,
- ০৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

স্বাঃ/-
৩০/০৫/২০২০
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব।